# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৮৭৭৪১/সাতক্ষীরা-১২১/২৬০ তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ / ২৭ জুলাই ২০২৫

**বিষয় : অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন প্রেরণ প্রসঙ্গে**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে সাতক্ষীরা জেলার কালিগঞ্জ উপজেলাধীন গান্ধুলিয়া দারুল উলুম দাখিল মাদ্রাসার এডহক কমিটির কার্যক্রম স্থগিতের জন্য মোঃ ফয়সাল ফৌরদৌস অভিযোগ দাখিল করেছেন। দাখিলকৃত অভিযোগে তিনি অভিভাবক সদস্য ও শিক্ষক প্রতিনিধি পদত্যাগ করেছেন মর্মে উল্লেখ করেন (কপি সংযুক্ত)।

এমতাবস্থায় অভিযোগ সংক্রান্ত সার্বিক বিষয়ে সরেজমিনে তদন্ত পূর্বক সুস্পষ্ট মতামতসহ নিম্ন স্বাক্ষরকারী বরাবর প্রতিবেদন প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনা মোতাবেক ০২ (দুই) পাতা।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৭.৭.২৫

প্রফেসর ছালেহ আহমাদ
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার
কালিগঞ্জ, সাতক্ষীরা।

নং-বামাশিবো/প্রশা/২৩৩২৫১১৮৭৭৪১/সাতক্ষীরা-১২১/ তারিখ: ১২ শ্রাবণ ১৪৩২ / ২৭ জুলাই ২০২৫

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, সাতক্ষীরা;
২. জেলা শিক্ষা অফিসার, সাতক্ষীরা;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা;
৪. সভাপতি, গান্ধুলিয়া দারুল উলুম দাখিল মাদ্রাসা, ডাকঘর-রতনপুর, কালিগঞ্জ, সাতক্ষীরা;
৫. সুপার/ভারপ্রাপ্ত সুপার, গান্ধুলিয়া দারুল উলুম দাখিল মাদ্রাসা, ডাকঘর-রতনপুর, কালিগঞ্জ, সাতক্ষীরা;
৬. জনাব মোঃ ফয়সাল ফৌরদৌস (অভিযোগকারী), সাং- গান্ধুলিয়া, থানা- কালিগঞ্জ, জেলা- সাতক্ষীরা;
৭. পি ও টু চেয়ারম্যান/ পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৮. আইন সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

২৭.০৭.২৫

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

F:\এলিউর\অভিযোগের বিষয়ে তদন্ত পূর্বক মতামতসহ প্রতিবেদন.doc

বরবার,

চেয়ারম্যান মহোদয়
বাংলাদেশে মাদ্রাসা শিক্ষা বোর্ড
২, অরফানেজ রোড, বকশীবাজার,
ঢাকা- ১১১২।

**বিষয়ঃ সাতক্ষীরা জেলাধীন কালিগঞ্জ উপজেলার অর্ন্তগত গাঁন্ধুলিয়া দারুল উলুম দাখিল মাদ্রসা (প্রতিষ্ঠান কোড- ১১৮৭৭৪) এর এডহক কমিটির কার্যক্রম স্থগিত প্রসঙ্গে।**

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমি মোঃ ফয়সাল ফেরদৌস, গাঁন্ধুলিয়া দারুল উলুম দাখিল মাদ্রাসার দাতা ও প্রতিষ্ঠাতা পরিবারের সদস্য হইতেছি এবং মাদ্রাসার সার্বিক উন্নয়নে অংশগ্রহন করে আসিতেছি। অদ্য ইংরেজি ২৩/০৪/২০২৫ তারিখে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক এস এম সুজাউদ্দীনকে এডহক কমিটির সভাপতি করতঃ একটি প্রজ্ঞাপন জারি করে। এমতাবস্থায় উক্ত সভাপতির কার্যক্রমে অসন্তোষ প্রকাশ করে ছাত্র অভিভাবক সদস্য জনাব মোঃ ওমর ফারুক ও শিক্ষক প্রতিনিধি সদস্য জনাব জি,এম সালাউদ্দীন গত ইং ৩১/০৫/২০২৫ তারিখে সভাপতির আওতায় কাজ না করার ইচ্ছা পোষন করতঃ আপনার দপ্তরে দরখাস্ত প্রেরণ করে। এমতাবস্থায় মাদ্রাসার সার্বিক কার্যক্রম পরিচালনা করা ব্যহত হচ্ছে।

অতএব, জনাব সমীপে নিবেদন, যাহতে উল্লিখিত বিষয় ও বিবরণ যথাযথ সু-বিবেচনা পূর্বক কমিটির কর্যক্রম স্থগিত করতঃ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে জনাবের একান্ত মর্জি হয়।

তারিখঃ ২১/০৬/২০২৫ইং

বিনিত নিবেদক
মো: ফয়সাল ফেরদৌস,
01710-128592.

**সংযুক্তিঃ**
১। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড কর্তৃক জারিকৃত এডহাক কমিটির প্রজ্ঞাপনের কপি।
২। সভাপতির আওতায় কার্যক্রম করতে অনাস্থা প্রকাশ করা সদস্যদের দরখাস্তের কপি।
৩। দাতার তালিকা।
৪। আবেদন কারীর জাতীয় পরিচয় পত্রের কপি।

বরাবর,

চেয়ারম্যান মহোদয়
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড
২, অরফানেজ রোড, বকশীবাজার,
ঢাকা- ১১১২।

**মাধ্যমঃ সুপার সাহেব, গাঁন্ধুলিয়া দারুল উলুম দাখিল মাদ্রাসা।**

**বিষয়ঃ সাতক্ষীরা জেলাধীন কালিগঞ্জ উপজেলার অন্তর্গত গাঁন্ধুলিয়া দারুল উলুম দাখিল মাদ্রাসা (প্রতিষ্ঠান কোড- ১১৮৭৭৪) এর এডহক কমিটির সভাপতির অধিনে কার্যক্রম না করা প্রসঙ্গে।**

মহোদয়,

যথাবিহিত সম্মান প্রদর্শন পূর্বক সবিনয় নিবেদন এই যে, আমরা আপনার অধিনস্ত গাঁন্ধুলিয়া দারুল উলুম দাখিল মাদ্রাসা (প্রতিষ্ঠান কোড- ১১৮৭৭৪) এর এডহক কমিটির সদস্যবৃন্দ হইতেছি। অদ্য ২৩/০৪/২০২৫ তারিখে এস এম সুজাউদ্দীনকে অত্র মাদ্রাসার এডহক কমিটির সভাপতি নিযুক্ত করে প্রজ্ঞাপন জরি করা হয়। কিন্তু আমরা উক্ত সভাপতির অধিনে কমিটির কার্যক্রম পরিচালনা করতে ইচ্ছুক নই।

অতএব, মহোদয় সমীপে আরজ এই যে, যাহাতে কমিটির কার্যক্রম স্থগিত পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহন করতে জনাবের মর্জি হয়।

তারিখঃ ৩১/০৫/২০২৫,

বিনিত নিবেদক

১। ওমর ফারুক (অভিভাবক সদস্য)

২। আলাউদ্দীন (শিক্ষক প্রতিনিধি)

অনুলিপিঃ
১। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
২। উপজেলা নির্বাহী অফিসার, কালিগঞ্জ, সাতক্ষীরা।
৩। অফিস কপি।

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১
Website: www.bmeb.gov.bd, E-mail: info@bmeb.gov.bd, Fax: 58616681, 58617908, 9615576

নং বামাশিবো/প্রশা/231251187741/108368/নথি নং - তারিখ 23-04-2025 খ্রিঃ

## প্রজ্ঞাপন

**বিষয়ঃ সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন প্রসংগে।**

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯-এর ৩৯ প্রবিধান অনুসারে SATKHIRA জেলার KALIGANJ উপজেলা/থানার GANDULIA DARUL ULUM DAKHIL MADRASAH পরিচালনার জন্য নিম্নেবর্ণিত সদস্যদের সমন্বয়ে পত্র ইস্যুর তারিখ থেকে পরবর্তী ৬ (ছয়) মাসের জন্য সভাপতি মনোনয়নসহ এডহক কমিটি অনুমোদন দেয়া হলো।

| ক্রমিক নং | সদস্যগণের নাম | পদবী |
|---|---|---|
| 1 | এস এম সুজাউদ্দীন | সভাপতি |
| 2 | সুপার/ভারপ্রাপ্ত সুপার | সদস্য সচিব |
| 3 | মোঃ ওমর ফারুক | অভিভাবক সদস্য |
| 4 | জি, এম সালাহউদ্দীন | সাধারণ শিক্ষক সদস্য |

**বিশেষ দ্রষ্টব্য:**

ক. মাদ্রাসার স্বার্থ পরিপন্থী কর্মকান্ডের জন্য বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভার্ণিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা ২০০৯ এর প্রবিধান ৩৮ অনুসারে এ কমিটি যে কোন সময় বাতিল করা যাবে।

খ. বর্তমান এডহক কমিটির সময়সীমার মধ্যে বিধি মোতাবেক অগ্রাধিকার ভিত্তিতে নিয়মিত কমিটি গঠন করতে হবে।

গ. আগামী পরীক্ষার ফলাফল গুনগত ও সংখ্যাগত দিক দিয়ে সন্তোষজনক হতে হবে এবং প্রতিষ্ঠানের সার্বিক উন্নয়নের জন্য কমিটিকে দায়িত্ব পালন করতে হবে।

**চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে**

(প্রফেসর মো: আবদুছ ছাত্তার মিয়া)
রেজিষ্ট্রার (প্রশাসন)
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।

নং বামাশিবো/প্রশা/231251187741/108368/নথি নং - তারিখ: 23-04-2025 খ্রিঃ

অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হল:

১. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
২. মহাপরিচালক, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
৩. উপ-পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা,ঢাকা/ময়মনসিংহ/রাজশাহী/রংপুর/চট্টগ্রাম/কুমিল্লা/খুলনা/বরিশাল/সিলেট অঞ্চল।
৪. জেলা প্রশাসক SATKHIRA
৫. উপজেলা নির্বাহী অফিসার KALIGANJ, SATKHIRA
৬. জেলা শিক্ষা অফিসার SATKHIRA
৭. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার KALIGANJ, SATKHIRA
৮. সভাপতি এডহক কমিটি GANDULIA DARUL ULUM DAKHIL MADRASAH, KALIGANJ, SATKHIRA
৯. অধ্যক্ষ/সুপার/ভারপ্রাপ্ত অধ্যক্ষ/ভারপ্রাপ্ত সুপার GANDULIA DARUL ULUM DAKHIL MADRASAH, KALIGANJ, SATKHIRA
১০. ম্যানেজার সোনালী/জনতা/অগ্রণী/রূপালী ব্যাংক __________ শাখা, KALIGANJ, SATKHIRA
১১. অফিস কপি ।

(মো: আব্দুর রশিদ)
উপ রেজিষ্ট্রার (প্রশাসন)